# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়ঃ বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া

সূত্র নং-২৮.১০.১২১৩.০০০.৮৭৩.২২.০০০০.২৫/ তারিখঃ ০১ জুন ২০২৫

## প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)-এর পক্ষে উচ্চ আদালত (মাননীয় সুপ্রিম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগ), নিম্ন আদালতে (দেওয়ানী ও ফৌজদারী), প্রশাসনিক ট্রাইব্যুনাল এবং জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট-এর আদালতসহ অন্যান্য বিচারিক আদালতে মামলা দায়ের, মামলা প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনা, তদারকি এবং বিভিন্ন বিষয়ে আইনগত মতামত ও চুক্তি ভেটিং ইত্যাদি প্রদানের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিজ্ঞ আইনজীবী/ ল' ফার্ম-এর নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | বয়স |
|---|---|---|---|
| প্যানেল আইনজীবী (উচ্চ আদালত) | সরকার কর্তৃক স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম এলএলবি ডিগ্রীধারী হতে হবে। বার কাউন্সিল প্রদত্ত সনদ থাকতে হবে এবং আইন পেশার জন্য সংশ্লিষ্ট বারের সদস্য হতে হবে। | মাননীয় সুপ্রিমকোর্টের হাইকোর্ট ডিভিশন/অ্যাপিলেট ডিভিশনে মামলা পরিচালনার কাজে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। | অনূর্ধ্ব ৬০ বৎসর |
| প্যানেল আইনজীবী (নিম্ন আদালত)<br><br>( ব্রাহ্মণবাড়িয়া, নরসিংদী, গাজীপুর, কুমিল্লা ও হবিগঞ্জ জেলার জেলা ও দায়রা জজ আদালতসহ অন্যান্য আদালত ) | সরকার কর্তৃক স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম এলএলবি ডিগ্রীধারী হতে হবে। বার কাউন্সিল প্রদত্ত সনদ থাকতে হবে এবং আইন পেশার জন্য সংশ্লিষ্ট বারের সদস্য হতে হবে। | জেলা ও দায়রা জজ-এর আওতাধীন আদালতসমূহ, জেলা ম্যাজিস্ট্রেট-এর আওতাধীন আদালতসমূহ, ভূমি সংক্রান্ত মামলা, ফৌজদারি মামলা, শ্রম আদালত/ট্রাইব্যুনালের মামলাসহ অন্যান্য মামলা পরিচালনায় ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবী হতে হবে। | অনূর্ধ্ব ৬০ বৎসর |

**শর্তাবলি:**

ক) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

খ) প্যানেল আইনজীবী প্যানেলভুক্তির মেয়াদকাল ০২(দুই) বছর বলবৎ থাকবে। তবে, কোম্পানি প্রয়োজনে প্যানেলের মেয়াদ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

গ) বিজিএফসিএল-এর স্বার্থ আছে এমন কোন মামলায় কোম্পানির বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না;

ঘ) প্যানেল আইনজীবীগণ পরিষদ তথা কোম্পানির স্বার্থ রক্ষার্থে তাদের উপর ন্যস্ত দায়িত্ব যথাযথভাবে পালনে ব্যর্থ হলে কোম্পানি সচিব ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে তাদেরকে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করতে পারবেন;

ঙ) উচ্চ আদালতের ক্ষেত্রে অনার্সসহ-এলএলএম/বার-এট-ল' ডিগ্রীসহ উচ্চ আদালত-এ মামলা পরিচালনা কিংবা পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানিসমূহে আইনজ্ঞ হিসেবে অভিজ্ঞ প্রার্থীদের পেশাগত অভিজ্ঞতা শিথিলযোগ্য;

চ) নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবী মামলা পরিচালনার আইনগত মতামত/চুক্তি ভেটিং ইত্যাদি জন্য কোম্পানির অনুমোদিত Schedule of Fees for Legal Adviser and Panel Advocates for BGFCL অনুযায়ী প্রদান করা হবে। তবে, পেশাগত ফি সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে। ল' ফার্মের পেশাগত ফি-এর ক্ষেত্রে ব্যক্তি আইনজীবীর পরিবর্তে ল' ফার্ম-কে প্রদান করা হবে। Schedule of Fees for Legal Adviser and Panel Advocates for BGFCL-এর কপি বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড-এর প্রধান কার্যালয়; বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া এবং ঢাকা লিয়াজোঁ অফিস [পেট্রোসেন্টার (লেভেল-১৪), ৩ কাওরান বাজার, ঢাকা] হতে সংগ্রহ করা যাবে;

ছ) অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলি চূড়ান্তভাবে নির্বাচিত প্যানেল আইনজীবীদের নিয়োগপত্রে উল্লেখ করা হবে;

জ) আবেদনপত্রে (ক) আবেদনকারীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ও বর্তমান/চেম্বারের ঠিকানা (ফোন নাম্বার ও ই-মেইল আইডিসহ), (ঙ) জন্ম তারিখ, (চ) শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ, (ছ) মাননীয় আপিল বিভাগ/হাইকোর্ট বিভাগ এবং জেলা ও দায়রা জজ কোর্টে আইনজীবী হিসেবে তালিকাভুক্তির সনদ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্যভুক্তির তথ্য, (জ) অভিজ্ঞতা এবং (ঝ) অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে সে প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে;

ঝ) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি (রঙিন) ছবি, আবেদন পত্রে উল্লিখিত তথ্যের সপক্ষে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (বিবরণ ও এর সপক্ষে সাপোর্টিং ডকুমেন্টসমূহ) সনদের কপি, ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্বের কপি ও জাতীয় পরিচয়পত্রের কপি দাখিল করতে হবে;

ঞ) বর্তমানে কোম্পানিতে নিয়োজিত প্যানেলভুক্ত আইনজীবীগণ এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে প্যানেলভুক্তির জন্য আবেদন করতে পারবেন;

ট) আবেদনপত্র 'কোম্পানি সচিব, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০' বরাবরে **আগামী ২৬ জুন ২০২৫** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে পৌঁছাতে হবে এবং খামের উপর সংশ্লিষ্ট আদালত-এর নাম উল্লেখ করতে হবে। হাতে হাতে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না;

ঠ) নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না;

ড) ল' ফার্ম হিসেবে আবেদন করার ক্ষেত্রে ল' ফার্মে নিয়োজিত কমপক্ষে ৩ (তিন) জন আইনজীবীর ক্রমিক নং-ক, ঙ,জ ও ঝ-এ উল্লিখিত তথ্যসহ আবেদন করতে হবে;

ঢ) বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড কোনো দর্শানো ব্যতিরেকে যে-কোনো দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী প্যানেলভুক্তির বিষয়ে বিজিএফসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ণ) এই নিয়োগ বিজ্ঞপ্তিটি কোম্পানি ও পেট্রোবাংলার ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

০১.০৬.২০২৫

কোম্পানি সচিব
বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোঃ আবুল বাশার মিজি
উপমহাব্যবস্থাপক (লিগ্যাল)
বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০